# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫৫]

২। তাহারাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৫. মিসওয়াকের বিবরণ।

باب السِّوَاكِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ حُصَيْنٍ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا قَامَ لِيَتَهَجَّدَ يَشُوصُ فَاهُ بِالسِّوَاكِ .

বাংলা

৪৮১-(৪৬/২৫৫) আবূ বকর ইবনু আবূ শাইবাহ (রহঃ) ..... হুযাইফাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাহাজ্জুদের জন্যে উঠতেন তখন মিসওয়াক দ্বারা ঘষে মুখ পরিষ্কার করতেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৮৪, ইসলামিক সেন্টারঃ ৫০০)

## English

Chapter: Siwak (tooth-stick)

Huddaifa reported: Whenever the Messenger of Allah (ﷺ) got up for Tahajjud prayer, he cleansed his mouth with the tooth-stick.

হাদিসের শিক্ষা

হাদীসের শিক্ষা

১. ঘুম থেকে জাগ্রত হওয়ার পর মিসওয়াক করার গুরুত্ব। কারণ ঘুমে সাধারণত মুখের গন্ধ পরিবর্তনের অবস্থা তৈরি হয়। সেজন্য ঘুমের পরে মিসওয়াক বেশি গুরুত্বপূর্ণ। বিশেষ করে যদি এর পরে সালাত আদায় করা হয়।

২. ঘুম ছাড়াও যখনই মুখের গন্ধ পরিবর্তন হবে তখনই মিসওয়াক করা উচিত।

৩. ইসলামী শরী'আতে পবিত্রতা ও পরিচ্ছন্নতার যে সবিশেষ গুরুত্ব রয়েছে হাদীস থেকে তা স্পষ্টভাবে প্রমাণিত হচ্ছে।

৪. মিসওয়াক করার বিষয়টি মুখের ভিতরের যাবতীয় অংশের সাথে সম্পৃক্ত; সুতরাং দাঁত পরিষ্কার করার পাশাপাশি মাড়ি ও জিহ্বা পরিষ্কার করার দিকেও নজর দেয়া উচিত।

৫. ঘুম থেকে উঠে মিসওয়াক করা রাসূলের আদর্শ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47239

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন